ভোরের কাগজ

তারিখ ... MAR 06 2000
পৃষ্ঠা ৬ কলাম ৬

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং শা: ১৩/১-৭ (চীন)/৯৯/৩১ তারিখ : ১/৩/২০০০

## বিজ্ঞপ্তি

**বিষয় : চীন সরকার প্রদত্ত স্নাতকোত্তর পর্যায়ে বৃত্তি : ২০০০**

২০০০-২০০১ শিক্ষাবর্ষে চীন সরকার প্রদত্ত স্নাতকোত্তর পর্যায় বৃত্তির অধীনে মেধাক্রমের ভিত্তিতে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নলিখিত বিষয়ে অধ্যয়নের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| | বিভাগ/বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ক) | ১। ফাইন আর্টস, ২। সংগীত | সকল পরীক্ষায় ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে। |

২। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইতোপূর্বে অন্য কোন বৃত্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। তাঁদের আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। একজন প্রার্থী একাধিক বিষয়ে আবেদন করতে পারবে না। একটি দেশের বৃত্তির জন্য কেহ মনোনীত হলে তাকে অন্য কোন দেশের বৃত্তির প্রার্থী হিসেবে বিবেচনা করা হয় না। এই বৃত্তি ভোগে প্রকৃতপক্ষে আগ্রহী নন এমন প্রার্থীকে আবেদন করা থেকে বিরত থাকার পরামর্শ দেয়া যাচ্ছে।

৪। আগামী ১৫/৩/২০০০ তারিখের মধ্যে সাদা কাগজে নিম্নলিখিত ছক অনুসারে ইংরেজীতে দুই কপি আবেদনপত্র দাখিল করতে হবে। এককপি দুরখাস্তের সাথে প্রার্থীর উভয় পরীক্ষার পাশের সার্টিফিকেট ও মার্কশীট এবং পাসপোর্ট আকারের ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করে দিতে হবে। দরখাস্তের অপর কপিতে শুধু একটি অনুরূপ সত্যায়িত ছবিসহ মূল দরখাস্তের সাথে জেমস ক্লিপ দ্বারা এমনভাবে সংযুক্ত করতে হবে যাতে দু'টি দরখাস্ত সহজেই পৃথক করা যায়। অন্য কোনরূপ আবেদনপত্র দাখিলের প্রয়োজন নাই।

৫। আবেদনপত্রের ছক নিম্নরূপ হবে :

**চীন সরকার প্রদত্ত স্নাতকোত্তর বৃত্তি-২০০০-এর জন্য আবেদন**
**প্রার্থিত বিষয়ের নাম :**

ক) প্রার্থীর নাম
খ) পিতার নাম
গ) বর্তমান ঠিকানা
ঘ) স্থায়ী ঠিকানা
ঙ) জন্ম তারিখ
চ) বয়স
ছ) জাতীয়তা
জ) বর্তমান ঠিকানা (টেলিফোন নম্বর যদি থাকে)
ঝ) পরীক্ষা পাসের বিবরণ

| পরীক্ষার নাম | বোর্ড | বৎসর | রোল নম্বর | প্রাপ্ত মোট নম্বর | শতকরা হার |
|---|---|---|---|---|---|
| এসএসসি | | | | | |
| এইচএসসি | | | | | |
| বিএ, বিএসসি | | | | | |
| এমএ, এমএসসি | | | | | |

আমি এতদ্বারা ঘোষণা করছি যে, চীন সরকারের বৃত্তিতে মনোনীত হলে চীন যাব এবং আমি উক্ত বিষয়ে অধ্যয়নে অতিরিক্ত খরচ নিজে বহন করবো।

আবেদনকারীর স্বাক্ষর

৬। আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় আগামী ১৫/৩/২০০০ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। দরখাস্তের খামের উপরে "চীন সরকার প্রদত্ত স্নাতকোত্তর বৃত্তি" শাখা/বিষয়ের নাম এবং সকল পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। প্রার্থীর কাগজপত্র সত্যতা যাচাই করা হবে।

৮। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বেগম কাজল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৮৬১৫০৩২

ডিএফপি-৫০৫৫-২/৩/২০০০ (৮"×৩)
এস-৪৫৭/২০০০